# ২১শে জানুয়ারীর ঘটনায় খুলনা ভার্সিটির এক ছাত্র বহিষ্কৃত ॥ ৪ ছাত্রীর হলের সিট বাতিল

খুলনা অফিস ॥ খুলনা বিশ্ববিদ্যালয়ে গত ২১শে জানুয়ারী সৃষ্ট ঘটনায় কর্তৃপক্ষ এক ছাত্রকে সাময়িকভাবে বহিষ্কার, ৪ জন ছাত্রীর আবাসিক হলের সিট বরাদ্দ বাতিল করিয়াছেন। আবাসিক হলে অবৈধভাবে বসবাস করার অভিযোগে প্রথম বর্ষের ২২ জন ছাত্রীর ভর্তিও সাময়িকভাবে স্থগিত করা হয়।

গত বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ডঃ এস,এম, নজরুল ইসলাম এক সাংবাদিক সম্মেলনে জানান, গত ২১শে জানুয়ারী বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের লাঞ্ছিত, প্রশাসনিক ভবন ভাংচুর এবং ঘটনায় নেতৃত্ব দেওয়ার অভিযোগে বিবিএ শেষ বর্ষের ছাত্র মহিউদ্দিন চৌধুরী ওরফে মহি চৌধুরীকে তদন্ত কমিটির রিপোর্ট না পাওয়া পর্যন্ত সাময়িকভাবে বিশ্ববিদ্যালয় হইতে বহিষ্কার করা হইয়াছে। ৪ জন ছাত্রীর আবাসিক সিট বাতিল এবং প্রথম বর্ষের ২২ জন ছাত্রীর ভর্তিও উক্ত সময় পর্যন্ত স্থগিত থাকিবে। ডঃ নজরুল ইসলাম আশংকা প্রকাশ করিয়াছেন যে, আগামী ১৪ই ফেব্রুয়ারী দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠান বানচালের জন্য একটি বিশেষ মহলের উস্কানিতে কিছু ছাত্র-ছাত্রী গত ২১শে জানুয়ারী বিশ্ববিদ্যালয়ে এই অবাঞ্ছিত ঘটনা ঘটাইয়াছে। ৬ সদস্য তদন্তকারী দলের প্রধান অধ্যাপক ডঃ আবদুর রহমান জানাইয়াছেন, আগামী মাসের শেষ সপ্তাহে তদন্ত রিপোর্ট সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাখিল করা হইতে পারে।

সাংবাদিক সম্মেলনে ভাইস চ্যান্সেলর অধ্যাপক ডঃ এস, এম নজরুল ইসলাম বলেন, খুলনা বিশ্ববিদ্যালয়ে ছাত্রীদের আবাসন সমস্যা সমাধানের জন্য কর্তৃপক্ষ সবসময় সচেষ্ট। কিন্তু আর্থিক সংকটের জন্য ছাত্রীদের দাবী মানিয়া নেওয়া সম্ভব নহে বলিয়া জানাইয়া দেওয়া হয়।